

AKASHVANI KOLKATA
Regional News Unit

Date: 07.10.2026

Time: 1-30 PM

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সরকার প্রধান হিসেবে তার ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে বলেছেন, মানুষের আস্থা এবং দলীয় কর্মীদের নিষ্ঠাই তার সবচেয়ে বড় শক্তি। **#এই** উপলক্ষ্যে প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানিয়েছেন উপ রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, ও বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন।
- ২) মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে দীর্ঘ সাড়ে তিন বছর পর রেশপো রেট ২৫ বেসিস পয়েন্ট বাড়িয়ে ৫.৫ শতাংশ করল রিজার্ভ ব্যাঙ্ক।
- ৩) জম্মু-কাশ্মীর এবং পাকিস্তানে সন্ত্রাসবাদী পরিকাঠামোর বিরুদ্ধে ভারতের পদক্ষেপ নিয়ে ওআইসি-ইসলামিক সহযোগিতা সংস্থার মন্তব্য ভারত খারিজ করেছে।
- ৪) বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর বলেছেন, আফ্রিকার সঙ্গে ভারতের অংশীদারিত্ব শুধু আজকের জন্য নয় আগামী প্রজন্মের জন্যেও গড়ে তোলা হচ্ছে।
- ৫) আই-এম-এফ-এর ম্যানেজিং ডিরেক্টর ক্রিস্টালিনা জর্জিয়েভা ধনী ও গরিব, সব দেশকেই ঋণ কমাতে এবং ক্রমবর্ধমান বৈষম্য মোকাবিলায় আরও দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, মানুষের আস্থা এবং কোটি কোটি দলীয় কর্মীর নিষ্ঠাই তাঁর সবচেয়ে বড় শক্তি। আজ নতুন দিল্লিতে বিকশিত ভারত সংকল্প সভায় তিনি বলেন, আরও শক্তি ও উদ্যম নিয়ে মানুষের সেবা করে যাওয়ার জন্য আজ সকালে শ্রী বিনায়ক মন্দিরে গিয়ে দেশ ও ১৪০ কোটি দেশবাসীর কল্যাণ কামনা করেছেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, গত ২৫ বছরে মানুষের আস্থা এবং অভিজ্ঞতা তাঁর বড় সম্পদ। তিনি বলেন, জম্মু-কাশ্মীরের সমস্যা মনে হয়েছিল শেষ হবেনা, কিন্তু সংবিধানের ৩৭০ ধারা প্রয়োগের পর সেখানেও সমস্যা অনেক সহজ হয়ে এসেছে।

(বাইট – নরেন্দ্র মোদী)

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ কৃষি অর্থনীতিবিদ অশোক গুলাটির ভারতীয় কৃষির রূপান্তর নিয়ে লেখা একটি নিবন্ধ শেয়ার করেছেন। গুজরাটে জাতীয় স্তরে কৃষির পরিবর্তনে সেচ, বিদ্যুৎ, গ্রামীণ সড়ক, প্রযুক্তির মাধ্যমে কৃষিক্ষেত্রের পরিবর্তনের পাশাপাশি কৃষকদের সরাসরি সহায়তা, ফসলের বৈচিত্র্য এবং গ্রামীণ পরিকাঠামোর উন্নয়নে প্রধানমন্ত্রীর ২৫ বছরের যাত্রার কথা তুলে ধরা হয়েছে।

এদিকে, বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নরী ব বলেছেন, প্রধানমন্ত্রী মোদী জনসেবাকেই জীবনের মূল লক্ষ্য করেছেন এবং রাজনীতিকে দেশসেবার মাধ্যম হিসেবে নিয়েছেন।

সরকার প্রধান হিসেবে জনসেবার ২৫ বছর পূর্ণ হওয়ায় উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় উপ রাষ্ট্রপতি বলেন, শ্রী মোদীর প্রধান সেবক হিসেবে যাত্রা সর্বাত্মক উন্নয়নের ধারণাকে রূপান্তরিত করে সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস, সবকা প্রয়াসের মাধ্যমে জন আন্দোলনে পরিণত হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসেবার ২৫ বছর পূর্তি উপলক্ষে আজ দিনটিকে ঐতিহাসিক ও স্বর্ণোজ্জ্বল বলে অভিহিত করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

(বাইট- অমিত শাহ)

সরকার, ২০২৫ সালের ‘বিকশিত ভারত—রোজগার ও আজীবিকা মিশন—গ্রামীণ’ বা ভিবি-জি রাম জি আইনের আওতায় অনুমোদিত কাজের তালিকা বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করেছে। নতুন গ্রামীণ কর্মসূচির রূপরেখার অধীনে মোট ৩ শো ৭৫ ধরনের কাজকে অনুমোদন দেওয়া হয়েছে।

আজ বিশ্ব তুলা দিবস। প্রতি বছর ৭ অক্টোবর বিশ্বজুড়ে তুলার অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত গুরুত্ব সম্পর্কে সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে এই দিনটি পালিত হয়।

এবছরের ভাবনা— ‘কটন ফর গুড: বাণিজ্য, রূপান্তর ও অংশীদারিত্বের মাধ্যমে সমৃদ্ধি গড়ে তোলা।’

এক ভিডিও বার্তায় কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং তুলা শিল্পের সঙ্গে যুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।

রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া রেপো রেট ২৫ বেসিস পয়েন্ট বাড়িয়ে ৫ দশমিক ৫ শতাংশ করেছে। ২০২৩ সালের ফেব্রুয়ারির পর এই প্রথম রেপো রেট বাড়ানো হল।

২০২৫ সালে মোট ১২৫ বেসিস পয়েন্ট রেপো রেট কমানোর পর, গত চারটি পর্যালোচনায় তা ৫ দশমিক ২৫ শতাংশে অপরিবর্তিত রাখা হয়েছিল।

খুচরো মূল্যবৃদ্ধি এবং অপরিশোধিত তেলের দাম উর্ধ্বমুখী থাকায় এই হার বাড়ানো হয়েছে। তিন দিনের মুদ্রানীতি কমিটির বৈঠক শেষে নতুন রেপো রেট ঘোষণা করেন আরবিআইয়ের গভর্নর সঞ্জয় মালহোত্রা। এর ফলে বাড়ি ও গাড়ী ঋনে সুদের হার বৃদ্ধি পেতে পারে।

হিমাচল প্রদেশ সফরের দ্বিতীয় দিনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রোহতাংয়ের অটল টানেল পরিদর্শন করেন। টানেলটির উত্তর ও দক্ষিণ উভয় প্রবেশপথ পরিদর্শন করেন তিনি। পাশাপাশি, রাষ্ট্রপতি সীমান্ত সড়ক সংস্থা- BRO আধিকারিকদের সঙ্গে মতবিনিময় করেন। বিকেলে রাষ্ট্রপতি, মানালির প্রসিদ্ধ হিড়িম্বা দেবী মন্দিরে পূজা দেবেন। রাষ্ট্রপতির সফরকে কেন্দ্র করে মানালি, অটল টানেল এবং অন্যান্য এলাকায় কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ভারতীয় উপকূল রক্ষী বাহিনী আজ ওড়িশার ভুবনেশ্বর এ ২৪ তম Natiobal Maritime Search and Rescue Board Meeting আয়োজন করেছে যার সভাপতিত্ব করবেন বাহিনীর ডিরেক্টর জেনারেল পরমেশ শিবমণি।

বোর্ড মিটিং এর ফাঁকে, প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় শেঠ ১২ তম Natiobal Maritime Search and Rescue Exercise SAREX ২৬ এর সূচনা করবেন।

Natiobal Maritime Search and Rescue Exercise SAREX ২৬ মহড়া আগামীকাল ওড়িশার পারা দ্বীপে অনুষ্ঠিত হবে যেখানে উপকূল রক্ষী বাহিনী, ভারতীয় নৌ বাহিনী, বায়ু সেনা এবং অসামরিক বিভিন্ন দপ্তর যোগ দেবে।

জম্মু-কাশ্মীর এবং পাকিস্তানে সন্ত্রাসবাদী পরিকাঠামোর বিরুদ্ধে ভারতের পদক্ষেপ নিয়ে ওআইসি- ইসলামিক সহযোগিতা সংস্থার মন্তব্য ভারত খারিজ করেছে। রাষ্ট্রসংঘে লোকসভার সাংসদ বিপ্লব কুমার দেব বলেন, পাকিস্তান থেকে আসা আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদের বিরুদ্ধে দেশের নাগরিকদের রক্ষা করার অধিকার ভারতের রয়েছে।

জম্মু-কাশ্মীর নিয়ে ওআইসি-র মন্তব্যও প্রত্যাখ্যান করে তিনি বলেন, সন্ত্রাসবাদ এখনও ভারতের কাছে বড় হুমকি। পহেলগাঁও হামলায় ২৬ জনের মৃত্যুর কথাও তিনি উল্লেখ করেন। সন্ত্রাসবাদে নতুন প্রযুক্তির অপব্যবহার বন্ধে আন্তর্জাতিক উদ্যোগ এবং সন্ত্রাসবাদ নিয়ে সার্বিক কনভেনশন দ্রুত চূড়ান্ত করার আহ্বান জানায় ভারত।

বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর বলেছেন, আফ্রিকার সঙ্গে ভারতের অংশীদারিত্ব শুধু আজকের জন্য নয় আগামী প্রজন্মের জন্যেও গড়ে তোলা হচ্ছে। ঘানার রাজধানী আক্রায় ফরেন সার্ভিস ইনস্টিটিউটে এক সমাবেশে ভাষণে তিনি বলেন, কূটনীতির প্রধান কাজই হলো স্বার্থের ভিন্নতা সত্ত্বেও পারস্পরিক সহযোগিতা বাড়িয়ে তোলা এবং প্রতিযোগিতা যাতে কোনোভাবেই সংঘাতের রূপ না নেয়, তা সুনিশ্চিত করা।

ড. জয়শঙ্কর অর্থনীতি, পরিকাঠামো, ডিজিটাল প্রযুক্তি ও উৎপাদন ক্ষেত্রে ভারতের অগ্রগতির কথা তুলে ধরেন। ভারত ও আফ্রিকা, দু'পক্ষেরই তরুণ জনসংখ্যাকে দক্ষ ও ক্ষমতায়িত নাগরিক হিসেবে গড়ে তোলার ওপর তিনি জোর দেন। জ্বালানি, খাদ্য, সার ও অর্থ, এই চারটি ক্ষেত্রে সুস্থায়ী সরবরাহ শৃঙ্খল গড়ে তোলার গুরুত্বের কথাও তিনি বলেন। পাশাপাশি, দক্ষিণী বিশ্বের দেশগুলির মতকে আরও জোরালো ভাবে তুলে করার বিষয়ে ভারতের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

ড. জয়শঙ্কর বলেন, আফ্রিকার সঙ্গে ভারতের অংশীদারিত্বের পরিধি বাণিজ্য, পরিকাঠামো, সক্ষমতা বৃদ্ধি, মানবিক সহায়তা ও বিপর্যয় মোকাবিলা, কৃষি, স্বাস্থ্য এবং পরিবেশবান্ধব জ্বালানি পর্যন্ত বিস্তৃত।

আন্তর্জাতিক অর্থভান্ডার, আই-এম-এফ-এর ম্যানেজিং ডিরেক্টর ক্রিস্টালিনা জর্জিয়েভা ধনী ও গরিব, সব দেশকেই ঋণ কমাতে এবং ক্রমবর্ধমান বৈষম্য মোকাবিলায় আরও দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন। আগামী সপ্তাহে ব্যাংককে আই-এম-এফ ও বিশ্বব্যাংকের বৈঠকের আগে সিঙ্গাপুরে তিনি বলেন, মধ্যপ্রাচ্য ও ইউক্রেনের সংঘাত বিশ্ব অর্থনীতির সুস্থিতিতে প্রভাব ফেলেছে, আর উচ্চ ঋণের বোঝা উন্নত ও নিম্ন আয়ের, দুই ধরনের অর্থনীতির ওপরেই চাপ সৃষ্টি করছে।

বিমান পরিবহণ ক্ষেত্রে শক্তিশালী করার লক্ষ্যে বাংলাদেশ সরকার বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের জন্য ২০৩০ সালের মধ্যে ১০টি এয়ারবাস বিমান কেনার পরিকল্পনা নিয়েছে।

অসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত এই পরিকল্পনা নিয়ে লুফথানসার একটি প্রতিনিধিদলের সঙ্গে আলোচনা করেছেন। প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন রুডিগার লোৎজ।

মন্ত্রী বাংলাদেশে বিমানের রক্ষণাবেক্ষণ, মেরামত ও ওভারহলিং কেন্দ্রে বিনিয়োগের সম্ভাবনা খতিয়ে দেখার জন্য লুফথানসাকে আমন্ত্রণ জানান।

নিউ জিল্যান্ডের বিরুদ্ধে পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের জন্য ভারতীয় দল গতকাল ঘোষণা করা হয়েছে। দলের নেতৃত্ব দেবেন শ্রেয়স আয়ার। চার বছর পর আবার ভারতীয় দলে ফিরেছেন ভুবনেশ্বর কুমার।

নিউজিল্যান্ডের বিরুদ্ধে ক্রাইস্টচার্চে ২২শে ও ২৪ শে অক্টোবর প্রথম এবং দ্বিতীয় টি-টোয়েন্টি ম্যাচ খেলবে ভারত। ২৭শে অক্টোবর ওয়েলিংটন, ৩০শে অক্টোবর অকল্যান্ড ও পয়লা নভেম্বর হ্যামিলটনে হবে সিরিজের বাকি তিন ম্যাচ।
